

সমকাল

'প্রলয় গ্যাংয়ের' সাকিব-দুর্জয় ঢাবি থেকে সাময়িক বহিষ্কার

প্রকাশ: ২৮ মার্চ ২৩ | ১৬:১৮ | আপডেট: ২৮ মার্চ ২৩ | ১৬:২১

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



নাইমুর রহমান দুর্জয় ও সাকিব ফেরদৌস।

বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুন্ন, অসদাচরণ ও শৃঙ্খলাপরিপন্থী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে দুইজন শিক্ষার্থীকে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) থেকে সাময়িকভাবে বহিষ্কারের অনুমোদন দেওয়া হয়েছে। আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সাময়িক বহিষ্কারের এই অনুমোদন প্রদান করেন।

বহিক্ষৃতরা হলেন- কবি জসীম উদ্দীন হল ও নুরিজ্জান বিভাগের শিক্ষার্থী মো. নাইমুর রহমান দুর্জয় এবং স্যার এ এফ রহমান হলের অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের শিক্ষার্থী মো. সাকিব ফেরদৌস। দুজনই ২০২০-২১ সেশনের শিক্ষার্থী ও 'প্রলয় গ্যাংয়ের' (<https://samakal.com/bangladesh/article/2303164477/%E0%A6%A2%E0%%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%B2%E0%A7%9F%E0%A6%97%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%82%E0%A6%8B8%E0%A6%BE%E0%A6%95%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%A6%E0%A7%81%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%9C%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%97%>

সাময়িকভাবে বহিক্ষৃত শিক্ষার্থীদ্বয়কে 'ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কেন স্থায়ীভাবে বহিকার করা হবে না' মর্মে পত্রপ্রাণ্তির ৭ কার্যদিবসের মধ্যে লিখিত জবাব দিতে বলা হয়েছে।

আরও	পড়ুন:	বেরিয়ে	আসছে	নানা	অপকর্মের	কাহিনি
-----	--------	---------	------	------	----------	--------

(<https://samakal.com/bangladesh/article/2303164386/%E0%A6%AC%E0%A7%87%E0%%E0%A6%86%E0%A6%8B8%E0%A6%9B%E0%A7%87-%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%BE-%E0%A6%85%E0%A6%AA%E0%A6%95%E0%A6%8D%E0%A6%AE%E0%A6%95%E0%A6%BE%E0%A6%8B9%E0%A6%BF%E0%A6%A8%E0%A6%BF>)

গত শনিবার রাত ৮ টার সময়ে বিশ্ববিদ্যালয়ের কবি জসীমউদ্দিন হলের (হলপাড়া) সামনে অপরাধ বিজ্ঞান বিভাগের ২০২০-২১ সেশনের শিক্ষার্থী জোবায়ের ইবনে হুমায়ুনকে 'তুচ্ছ কারণে' মারধর করা হয়। এরপর সমকালের অনুসন্ধানে উঠে আসে প্রলয় গ্যাংয়ের নাম। বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা এ গ্যাং চালাতেন। এ নিয়ে সমকালে 'প্রলয় গ্যাংয়ে তটঙ্গ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস' শিরোনামে খবর প্রকাশিত হয়। এরপর জোবায়ের ইবনে হুমায়ুনের মা সাদিয়া আফরোজ খান বাদী হয়ে অভিযোগ দায়ের করে। অভিযোগের ভিত্তিতে দুজনকে আটক করে প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে গ্রেপ্তার দেখিয়ে পুলিশ কোটে পাঠালে শুনানি শেষে কারাগারে পাঠানো হয়।

শাহবাগ থানার ওসি নুর মোহাম্মদ সমকালকে বলেন, 'মামলার তদন্ত আরও চলতে থাকবে।'

এর আগে জোবায়েরের ওপর হামলার ঘটনায় জড়িতদের স্থায়ী বহিকারের দাবিতে মানববন্ধন ও উপাচার্য বরাবর লিখিত অভিযোগ দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী।

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com